

# **PUROPURI ENGLISH SHIKHI**

**COURSE**

## **PARTS OF SPEECH : PREPOSITIONS**



Created by: Tanvir Teyder



## PARTS OF SPEECH : PREPOSITIONS

এই ক্লাসে আমরা Prepositions নিয়ে শিখবো। Prepositions হল সেই সব শব্দ যেগুলো দিয়ে আমরা একটা বাক্যের Subject এর অবস্থান নিয়ে বলি। যে একজন মানুষ বা জিনিস কি কোন কিছুর উপরে, পাশে, সামনে, পিছে, ভিতরে ইত্যাদি।

চলুন আমরা Prepositions এর Full List with Examples দেখি।

### PREPOSITION যেগুলো দিয়ে সময় নিয়ে কথা বলে:

Preposition	কিভাবে ব্যবহার হয়	Examples:
At	নির্দিষ্ট সময় খাবারের সময় দিনের বিভিন্ন সময় বয়স	Exam starts at 11am. I will see you at dinner. I will be home at midnight. I will go there at sundown. I completed class 5 at the age of 10
By	একটা সময় এর মধ্যে	Please finish your homework by 12pm.
In	মাস ঋতু বছর একটা নির্দিষ্ট সময়ের পর	My birthday is in March. My school will start in Winter. I was born in 1980 I will see you again in 30 minutes.
On	সপ্তাহের দিনের কথা বলতে একটি দিনের একটা অংশের কথা বলতে তারিখ	We will meet on Sunday. The event is on Monday night. My birthday is on 23rd April

Ago	পূর্বের একটা নির্দিষ্ট সময়ে	I met her 4 years ago. I went to Cox's Bazar 4 days ago.
After	একটা কিছু হওয়ার পরের সময়ের কথা বলতে	I will go outside after I eat. I will study after I play football.
Before	একটা কিছু হওয়ার আগের সময়ের কথা বলতে।	I will eat before I go outside, I ate before I came here. I finished my homework before I slept.
During	কোন একটা সময় কালিন	I was sleeping during the afternoon. The thief came in during the night. A lot of people died during the liberation war of 1971
For	কোন একটা সময় জাবত	I have been studying for 3 hours. I played for 30 minutes I waited for 3 hours. I will wait for 15 minutes.
Past	ঘড়ির সময় বলতে	10 past 2 o'clock
Since	একটা নির্দিষ্ট সময় থেকে	I live here since 2006 He has been sad since the breakup. She has been depressed since her father died.
Throughout	গোটা বছর ধরে / বা কোন একটা	It rains throughout the

	পুরো সময় ধরে	year in Dhaka. It is hot throughout the year in Bangladesh.
To	এক সময় থেকে আরেক সময় পর্যন্ত	I will play games from 4pm to 6pm. I studied in this school from 2015 to 2018
Until / till	একটা সময় পর্যন্ত কতক্ষণ ধরে কোন কিছু চলবে বলতে	I will be here until 4pm. The program will continue till/ until 4 pm

## PREPOSITION যেগুলো দিয়ে যায়গা নিয়ে কথা বলে:

Preposition	কিভাবে ব্যবহার হয়	Examples:
At	একটা নির্দিষ্ট যায়গায় অবস্থান করলে কোন নির্দিষ্ট কিছু ইশারা করে কিছু ছুরে মারা	I am at ABC Bank. I will throw this ball at you.
By	কোন কিছুর কাছে কোন কিছুর পাস দিয়ে	The school is just by the park. The river runs by the road.
In	কোন কিছু ভিতরে কোন একটা বড় যায়গার (সহর / দেশের) মধ্যে কোন ছবিতে	The pencil is in the box. I am in the room. I am in Dhaka. I look good in this photo.
On	কোন কিছুর উপরে কোন একটা দিকে	The book is on the table. I am sitting on the chair. The car is on my right side.

	বাসার কোন এক তালয় রাস্তার ক্ষেত্রে	I live on the 4th floor. I live on 7/A Road.
About	আনুমানিক কিছু একটা কোন কিছু সম্পর্কে	He is about 6 feet tall. He is about my age. They are talking about me
Above	কোন কিছু উপরে কিছু থাকলে Rank-এ চাকরি ক্ষেত্রে কেও কারো উপরে থাকলে	The fan is above the table. The plane flew above us. He is above me in the office.
Against	কোন কিছু ঘেঁষে	The boy is leaning against the wall.
Along	কোন কিছুর বরাবর	The boy was walking along the wall.
Around	আসে পাসে	I live around here.
Before	একটা জিনিসের সামনে বা প্রথমে প্রাধান্য যেটার বেশি	I put the chair before the table. You always put him before me.
Behind	কোন কিছুর পিছনে	I am behind you.
Below / under (pretty much the same thing) (under বেশি ব্যবহার হয়)	কোন কিছুর নিচে	The bird flew below the bridge
Into	কোন কিছুর ভিতরে ঢাকা	He went into the room He went into the museum.
Onto	কোন কিছুর উপরে উঠে যাওয়া	The dog jumped onto the table.
Over	কোন কিছু দিয়ে ঢাকা কোন কিছুর ছেয়ে বেশি উছু কিছুর এক পার থেকে আরেক	I put a cloth over the table. He is over 6 feet tall. He went over the bridge.

	পার যাওয়া কোন কিছুর উপর দিয়ে চলে যাওয়া	He went over the wall. He jumped over the fence
Through	কোন কিছুর ভিতর দিয়ে চলে যাওয়া	The knife went through his hand. The boy went through the tunnel.
Towards	কোন কিছুর দিকে আগানো বা কোন কিছুর দিকে যাওয়া	I walked towards him He ran towards me She walked towards the coffee shop
From	থেকে	I am from Dhaka. This gift is from me. He came from Canada.
In front	কোন কিছুর সামনে	I am standing in front of you. He was in front of me in line.
Across	এক পার থেকে আরেক পারে যাওয়া।	The boy ran across the street.